

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
পার-৪ শাখা।

নং-পার-৪/পদসৃষ্টি-২/২০০৮-২৭০

তারিখঃ ২৭.০৩.২০১৮ খ্রিঃ

প্রাপকঃ প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
সিঙ্গিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

বিষয়ঃ উপজেলা পর্যায়ে নতুন স্থাপিত ২৩টি ২০ শয্যা বিশিষ্ট হাসপাতালের জন্য অস্থায়ীভাবে সৃজিত পদ সংরক্ষণ প্রসংগে।

আদিষ্ট হয়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ০২.০৩.২০১৬ তারিখের পার-৪ অধিশাখা/পদ সৃষ্টি-২/২০০৮/৯৩ স্মারকের অনুবৃত্তিক্রমে উপজেলা পর্যায়ে নতুন স্থাপিত ২৩টি ২০ শয্যা বিশিষ্ট হাসপাতালের মধ্যে স্থাপনা নির্মিত হয়েছে এবূপ ১৯টি হাসপাতালের জন্য অস্থায়ীভাবে রাজস্বখাতে সৃজিত ০১.০৬.২০১২ হতে ৩১.০৫.২০১৩ তারিখ পর্যন্ত ২২৫টি পদ, ০১.০৬.২০১৩ হতে ৩১.০৫.২০১৪ তারিখ পর্যন্ত ২২৬টি, ০১.০৬.২০১৪ হতে ৩১.০৫.২০১৬ তারিখ পর্যন্ত ২৩১টি পদ ও ০১.০৬.২০১৬ হতে ৩১.০৫.২০১৭ তারিখ পর্যন্ত ৪৩৭টি (আউট সোর্সিংসহ) পদ ভূতাপেক্ষভাবে এবং ০১.০৬.২০১৭ হতে ৩১.০৫.২০১৮ তারিখ পর্যন্ত ৪৩৭টি (আউট সোর্সিংসহ) পদ নিয়মিত সংরক্ষণে সরকারী মঞ্জুরী জ্ঞাপন করছিঃ

২। পদগুলো নিম্নরূপঃ

০১.০৬.২০১২ হতে ৩১.০৫.২০১৩ মেয়াদে ভূতাপেক্ষ সংরক্ষণ

ক্রমিক নং	পদের নাম	পদ সংখ্যা	জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী
১.	জুনিয়র কনসালটেন্ট	৫২টি	৩৫৫০০-৬৭০১০/-
২.	আবাসিক মেডিকেল অফিসার	১২টি	৩৫৫০০-৬৭০১০/-
৩.	মেডিকেল অফিসার	০৯টি	২২০০০-৫৩০৬০/-
৪.	মেডিকেল টেকনোলজিস্ট (ল্যাব)	০৯টি	১২৫০০-৩০২৩০/-
৫.	ফার্মাসিস্ট	১০টি	১২৫০০-৩০২৩০/-
৬.	সিনিয়র স্টাফ নার্স	৭৫টি	১৬০০০-৩৮৬৪০/-
৭.	প্রধান সহকারী কাম হিসাব রক্ষক	১৬টি	১১০০০-২৬৫৯০/-
৮.	অফিস সহকারী কাম মুদ্রাক্ষরিক/ডাটা এন্ট্রি অপারেটর	০৬টি	১৬০০০-৩৮৬৪০/-
৯.	ওয়ার্ড বয়	০৮টি	৮২৫০-২০০১০/-
১০.	ল্যাব এটেনডেন্ট	০৫টি	৮২৫০-২০০১০/-
১১.	আয়া	২৩টি	আউট সোর্সিং
মোট=		২২৫টি	

০১.০৬.২০১৩ হতে ৩১.০৫.২০১৪ মেয়াদে ভূতাপেক্ষ সংরক্ষণ

ক্রমিক নং	পদের নাম	পদ সংখ্যা	জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী
১.	জুনিয়র কনসালটেন্ট	৩৪টি	৩৫৫০০-৬৭০১০/-
২.	আবাসিক মেডিকেল অফিসার	০৪টি	৩৫৫০০-৬৭০১০/-
৩.	মেডিকেল অফিসার	০২টি	২২০০০-৫৩০৬০/-
৪.	মেডিকেল টেকনোলজিস্ট (ল্যাব)	০৬টি	১২৫০০-৩০২৩০/-
৫.	ফার্মাসিস্ট	০৬টি	১২৫০০-৩০২৩০/-
৬.	সিনিয়র স্টাফ নার্স	৫৫টি	১৬০০০-৩৮৬৪০/-
৭.	প্রধান সহকারী কাম হিসাব রক্ষক	১২টি	১১০০০-২৬৫৯০/-
৮.	অফিস সহকারী কাম মুদ্রাক্ষরিক/ডাটা এন্ট্রি অপারেটর	০৬টি	১৬০০০-৩৮৬৪০/-
৯.	ওয়ার্ড বয়	০৪টি	৮২৫০-২০০১০/-
১০.	ল্যাব এটেনডেন্ট	০২টি	৮২৫০-২০০১০/-
১১.	অফিস সহায়ক	১৯টি	আউট সোর্সিং
১২.	বাবুচি/সহকারী বাবুচি	১৯টি	আউট সোর্সিং
১৩.	নিরাপত্তা প্রহরী	১৯টি	আউট সোর্সিং
১৪.	পরিচ্ছন্নতা কর্মী	১৯টি	আউট সোর্সিং
১৫.	অয়	১৯টি	আউট সোর্সিং
মোট=		২২৬টি	

০১.০৬.২০১৪ হতে ৩১.০৫.২০১৬ মেয়াদে ভূতাপেক্ষ সংরক্ষণ

ক্রমিক নং	পদের নাম	পদ সংখ্যা	জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী
১.	জুনিয়র কনসালটেন্ট	৩৬টি	৩৫৫০০-৬৭০১০/-
২.	আবাসিক মেডিকেল অফিসার	০৪টি	৩৫৫০০-৬৭০১০/-
৩.	মেডিকেল অফিসার	০২টি	২২০০০-৫৩০৬০/-
৪.	মেডিকেল টেকনোলজিস্ট (ল্যাব)	০৬টি	১২৫০০-৩০২৩০/-
৫.	ফার্মাসিস্ট	০৬টি	১২৫০০-৩০২৩০/-
৬.	সিনিয়র স্টাফ নার্স	৫৫টি	১৬০০০-৩৮৬৪০/-
৭.	প্রধান সহকারী কাম হিসাব রক্ষক	১০টি	১১০০০-২৬৫৯০/-
৮.	অফিস সহকারী কাম মুদ্রাক্ষরিক/ডাটা এন্ট্রি অপারেটর	১১টি	১৬০০০-৩৮৬৪০/-
৯.	ওয়ার্ড বয়	০৪টি	৮২৫০-২০০১০/-
১০.	ল্যাব এটেনডেন্ট	০২টি	৮২৫০-২০০১০/-
১১.	অফিস সহায়ক	১৯টি	আউট সোর্সিং
১২.	বাবুর্চি/সহকারী বাবুর্চি	১৯টি	আউট সোর্সিং
১৩.	নিরাপত্তা প্রহরী	১৯টি	আউট সোর্সিং
১৪.	পরিষ্কার কর্মী	১৯টি	আউট সোর্সিং
১৫.	আয়া	১৯টি	আউট সোর্সিং
	মোট=	২৩১টি	

০১.০৬.২০১৬ হতে ৩১.০৫.২০১৭ মেয়াদে ভূতাপেক্ষভাবে এবং ০১.০৬.২০১৭ হতে ৩১.০৫.২০১৮ মেয়াদে নিয়মিত সংরক্ষণ

ক্রমিক.নং	পদের নাম	পদ সংখ্যা	জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী
১.	জুনিয়র কনসালটেন্ট	৭৬টি	৩৫৫০০-৬৭০১০/-
২.	আবাসিক মেডিকেল অফিসার	১৯টি	৩৫৫০০-৬৭০১০/-
৩.	মেডিকেল অফিসার	১৯টি	২২০০০-৫৩০৬০/-
৪.	মেডিকেল টেকনোলজিস্ট (ল্যাব)	১৯টি	১২৫০০-৩০২৩০/-
৫.	ফার্মাসিস্ট	১৯টি	১২৫০০-৩০২৩০/-
৬.	সিনিয়র স্টাফ নার্স	৯৫টি	১৬০০০-৩৮৬৪০/-
৭.	প্রধান সহকারী কাম হিসাব রক্ষক	১৯টি	১১০০০-২৬৫৯০/-
৮.	অফিস সহকারী কাম মুদ্রাক্ষরিক/ ডাটা এন্ট্রি অপারেটর	১৯টি	১৬০০০-৩৮৬৪০/-
৯.	ওয়ার্ড বয়	৩৮টি	৮২৫০-২০০১০/-
১০.	ল্যাব এটেনডেন্ট	১৯টি	৮২৫০-২০০১০/-
১১.	অফিস সহায়ক	১৯টি	আউট সোর্সিং
১২.	বাবুর্চি/সহকারী বাবুর্চি	১৯টি	আউট সোর্সিং
১৩.	নিরাপত্তা প্রহরী	১৯টি	আউট সোর্সিং
১৪.	পরিষ্কার কর্মী	১৯টি	আউট সোর্সিং
১৫.	আয়া	১৯টি	আউট সোর্সিং
	মোট=	৪৩৭টি	

- ৩। উল্লিখিত কর্মকর্তা/কর্মচারীদের ব্যয়ভার সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের কোড নম্বর হতে মিটানো হবে।  
৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হল।

১৫/৪

মো: হাফিজুর রহমান চৌধুরী  
উপ সচিব

ফোন- ৯৫৪৫১৩৪

তারিখঃ .০৩.২০১৮ খ্রিঃ

নং-পার-৪/পদসৃষ্টি-২/২০০৮

অনুলিপি (চার) কপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ব্যয় নিয়ন্ত্রণ-৬ অধিশাখা, অর্থবিভাগ, অর্থ মন্ত্রণালয়ের নিকট প্রেরণ করা হলো। পৃষ্ঠাংকন পূর্বক এক কপি সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় ও এক কপি প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা এর নিকট প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

১৫/৪

মো: হাফিজুর রহমান চৌধুরী  
উপ সচিব

নং- ০৭.১৫৬.০১৫.৪৫.০২.২০.২০০৬.

তারিখঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা এর বরাবর প্রেরণ করা হলো। এ আদেশ জারীতে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের সম্মতি রয়েছে।

যুগ্মসচিব  
ব্যয় নিয়ন্ত্রণ-৬ অধিশাখা  
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

নং-পার-৪/পদসৃষ্টি-২/২০০৮ - ১৭০/০ (৫)

তারিখঃ ২৭.০৩.২০১৮ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তীর অধীনস্থ অফিসসমূহে সংরক্ষণ আদেশের কপি প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ৩। অধ্যক্ষ/পরিচালক.....
- ৪। উপসচিব (প্রশাসন/নার্সিং শাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। সিভিল সার্জন.....
- ৬। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা.....
- ৭। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা.....
- ৮। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (তাকে পদ সংরক্ষণের সরকারী আদেশটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

মো: হাফিজুর রহমান চৌধুরী  
উপ সচিব



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
(পার-৪ অধিশাখা)  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং-৪৫.০০.০০০০.১৪৫.১৫.০০৩.১৮ - ১৭৬

তারিখ: ২০.০৩.২০২৮ খ্রি:

**বিষয়: উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, উপজেলাধীন ইউনিয়ন ও ওয়ার্ড পর্যায়ে Domiciliary service প্রদানের জন্য স্বাস্থ্য পরিদর্শক (ইনচার্জ), স্বাস্থ্য সহকারী, সহকারী স্বাস্থ্য পরিদর্শক ও পরিদর্শক ও স্বাস্থ্য অধিদপ্তরে এমআইএস শাখার পদ সৃজনের বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:**

সভার তারিখ : ১৮.০২.২০২৮ খ্রি:  
সভার সময় : সকাল ১১.০০ টায়।  
সভার স্থান : কক্ষ নং-৩২৩, ভবন নং-৩, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।  
সভাপতি : শেখ রফিকুল ইসলাম  
অতিরিক্ত সচিব (প্রশাসন),  
স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট-‘ক’ সংযুক্ত।

আলোচনা: সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমোদনক্রমে মো: হাফিজুর রহমান চৌধুরী, উপ-সচিব (পার-৪) অধিশাখা অদ্যকার সভার আলোচ্য বিষয় অনুসারে ০২(দুই)টি প্রতিষ্ঠানের পদ সৃজনের বিষয়ে আলোকপাত করেন। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, উপজেলাধীন ইউনিয়ন ও ওয়ার্ড পর্যায়ে Domiciliary service প্রদানের জন্য স্বাস্থ্য পরিদর্শক (ইনচার্জ), স্বাস্থ্য সহকারী, সহকারী স্বাস্থ্য পরিদর্শক ও পরিদর্শক এবং স্বাস্থ্য অধিদপ্তরে এমআইএস শাখার পদ সৃজন।

১। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, উপজেলাধীন ইউনিয়ন ও ওয়ার্ড পর্যায়ে Domiciliary service প্রদানের জন্য স্বাস্থ্য পরিদর্শক (ইনচার্জ), স্বাস্থ্য সহকারী, সহকারী স্বাস্থ্য পরিদর্শক পদ সৃজন:

স্বাস্থ্য অধিদপ্তরাধীন ১৯৮৫ সালের এনাম কমিটির অনুমোদিত সেট আপ অনুযায়ী উপজেলাধীন ইউনিয়ন ও ওয়ার্ড পর্যায়ে Domicilliary service প্রদানের জন্য স্বাস্থ্য সহকারী, সহকারী স্বাস্থ্য পরিদর্শক ও পরিদর্শকের পদ সৃজন করা হয়। ১৯৮৫ সালের জনসংখ্যার তুলনায় বর্তমানে জনসংখ্যা প্রায় দ্বিগুণ বৃদ্ধি পেয়েছে। প্রতিটি পুরাতন ওয়ার্ডকে পুনর্বিন্যাস করে ৩টি ওয়ার্ড তৈরী করা হয়েছে। প্রতিটি ইউনিয়নে ৯টি করে ওয়ার্ড রয়েছে। এনাম কমিটির সেট আপের জনবল দ্বারা এই বিপুল সংখ্যক গ্রামীণ দরিদ্র প্রান্তিক জনগোষ্ঠিকে স্বাস্থ্য বিষয়ক Domicilliary service প্রদান করা সম্ভব নয়। গ্রাম পর্যায়ে বিপুল সংখ্যক জনগোষ্ঠিকে সুষ্ঠু ও সুন্দরভাবে চিকিৎসা সেবা তথ্য স্বাস্থ্য সেবা প্রদানের নিমিত্তে স্বাস্থ্য অধিদপ্তর হতে, স্বাস্থ্য পরিদর্শক (ইনচার্জ), স্বাস্থ্য পরিদর্শক, সহকারী স্বাস্থ্য পরিদর্শক ও সহকারী স্বাস্থ্য পরিদর্শকের (৪৮২+৮৬০+৯৩৭১+১৯৯১৭)=৩০৬৩০টি পদ সৃজনের জন্য স্বাস্থ্য অধিদপ্তর হতে প্রস্তাব করা হয়েছে। বর্তমানে স্বাস্থ্য পরিদর্শক, সহকারী স্বাস্থ্য পরিদর্শক ও স্বাস্থ্য সহকারী (২৪০০+৪১৯০+২০৭৬৩)= ২৬৩৫৩টি পদ বিদ্যমান রয়েছে।

আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহীত হয়:

- (ক) প্রতিটি ক্যাটাগরীর পদের পদ সৃজনের যৌক্তিকতা দিতে হবে।
- (খ) প্রতিটি ওয়ার্ডের স্বাস্থ্য সহকারী এবং এফডব্লিউভির আলাদা আলাদা ভাবে জব ডেসক্রিপশন দিতে হবে।
- (গ) Need Assessment করে প্রতিবেদন দিতে হবে।
- (ঘ) প্রস্তাব থেকে স্বাস্থ্য পরিদর্শক (ইনচার্জ) এর পদ বাদ দিতে হবে।
- (ঙ) ওয়ার্ড পর্যায়ে সারপ্রাইজ ভিজিট করে পদ সৃজনের মতামত প্রদান করতে হবে।

২। স্বাস্থ্য অধিদপ্তরে এমআইএস শাখার পদ সৃজন।

স্বাস্থ্য অধিদপ্তরের এমআইএস শাখা ডিজিটাল স্বাস্থ্য ব্যবস্থাপনার একটি গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান। স্বাস্থ্য সেক্টরের সকল আইসিটি কার্যক্রম (এইচআরএম, ডিএইচআই-২, টাইম এটেনডেন্ট, হেলথ বুলেটিন, টেলিমেডিসিন, স্বাস্থ্য বাতায়ন, কমপ্লেইন সার্ভিস), এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তরের মাধ্যমে পরিচালিত হচ্ছে। কিন্তু সহায়ক জনবলের অভাবে এমআইএস এর আইটি কার্যক্রম যথাযথ গতিশীল করা সম্ভব হচ্ছে না। সুতরাং স্বাস্থ্য সেবার গুণগত মানোন্নয়নের লক্ষ্যে এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তরের জন্য ১৮টি নতুন পদ সৃজনের নিমিত্ত প্রস্তাব করা হয়। উল্লেখ্য বর্তমানে বিভাগীয় অফিসে (ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা ও বরিশাল) এমআইএস এর ০২টি করে ১০টি পদ রয়েছে। তাছাড়া স্বাস্থ্য অধিদপ্তরের বিদ্যমান পদ ৪৪টি উল্লেখ করা হয়েছে।

বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহীত হয়ঃ

- (ক) এনাম কমিটির আদলে অর্গানোগ্রাম প্রেরণ করতে হবে।
- (খ) প্রতিটি পদে যৌক্তিকতা দেখাতে হবে।

৩। সভায় আর কোন অলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।


স্বা/-  
(শেখ রফিকুল ইসলাম)  
সভাপতি  
ও  
অতিরিক্ত সচিব (প্রশাসন)  
স্বাস্থ্য সেবা বিভাগ  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

নং-৪৫.০০.০০০০.১৪৫.১৫.০০৩.১৮ ৩৭৫/৩(৫)

তারিখ: ২৭.০৩.২০১৮ খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ২। যুগ্মসচিব (পার), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। পরিচালক, এমআইএস ও লাইন ডাইরেক্টর, এইচআইএস এন্ড ই-হেলথ, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৪। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (তাকে পদ সৃজন সংক্রান্ত সভার কার্যবিবরণী মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৫। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

  
মো: হাফিজুর রহমান চৌধুরী  
উপসচিব